সাজেকের উজো বাজারে শিক্ষা সামগ্রী ও শীতবস্ত্র বিতরণ

সাজেক প্রতিনিধি:

রাঙ্গামাটি পার্বত্য জেলার সীমান্তবর্তী এলাকা সাজেকের উজো বাজারস্থ গংগারাম মুখ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের মাঝে শিক্ষা সামগ্রী ও গংগারাম এলাকার হতদরিদ্র ও নিম্ন আয়ের প্রান্তিক জনগোষ্ঠীর পৌষের কনকনে শীত নিবারনের জন্য বংলাদেশ নিরাপত্তাবাহিনীর পক্ষ থেকে শতাধিক পরিবারের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল ১০টায় গংগারাম সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে নিরাপত্তাবাহিনীর বাঘাইহাট জোন ৪ইস্ট বেঙ্গল’র পক্ষ থেকে এ কম্বল বিতরণ করা হয়। এসময় শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাঘাইহাট জোনের অধিনায়ক লে.ক. আলী হায়দার সিদ্দীকী (পিএসসি)। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, এ এলাকায় শান্তি প্রতিষ্ঠা ও নিরাপত্তা নিশ্চিত করাই হচ্ছে নিরাপত্তাবাহিনীর মূল উদ্দেশ্য। ক’দিন আগে উজোবাজার ও বাঘাইহাট বাজার নিয়ে যে সমস্যা সৃষ্টি হয়েছিল এ সমস্যা উভয় পক্ষকে সাথে নিয়ে সমাধান করতে পেরে আমার খুব ভালো লাগছে এবং এ সমস্যা সমাধান হওয়ায় এলাকায় এখন শান্তি বিরাজ করছে এভাবে এলাকায় শান্তি সম্প্রীতি দৃঢ় হলে এলাকায় উন্নয়নও বাড়বে।

ছাত্র/ছাত্রী ও অভিবাকের উদ্দেশ্যে তিনি আরও বলেন, ছাত্র/ছাত্রীদের সকলকে ভালো ভাবে পড়তে হবে জ্ঞানের আলোয় নিজেকে আলোকিত করতে হবে। লেখাপড়া শেষে সমাজের জন্য এলাকার জন্য ভূমিকা রাখতে হবে এবং অভিভাবকদেরও খিয়াল রাখতে হবে ছেলে মেয়েরা যেন ভালো ভাবে লেখাপড়া করে। লেখাপড়া শেষে যেন, কোন অন্যায় ও সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িয়ে না পরে।

এসময় প্রধান অতিথির বক্তব্যের মাঝে এলাকার প্রবীন মুরুব্বী জতিলাল কার্বারী ও গংগারাম বাজার সভাপতি হৃদয় রন্জন চাকমা উভয়েই

বলেন, আমরা এখানে যারা আছি পাহাড়ী বাঙ্গালী সবাই সম্প্রীতি চাই আমাদের এলাকার পাহাড়ী বাঙ্গালীদের মধ্যে খুবই মিল মহব্বত রয়েছে কিন্তু আমরা চাপে পড়ে এ মিল মহব্বত দেখাতে পারি না। এলাকায় নিরাপত্তাবাহিনী আমাদের যেভাবে সাহায্য সহযোগিতা করেন সেভাবে চেয়ারম্যান মেম্বাররাও করেন না। নিরাপত্তাবাহিনী সাজেকে উচ্চ শিক্ষার জন্য সর্বপ্রথম বাঘাইহাটে মাধ্যমিক স্কুল করে দিয়েছেন। অসুস্থ্য রুগীদের সাস্থ্য সেবা বিনামূল্যে ঔষধ দিয়ে থাকেন। এ জন্য আমরা এলাকার লোকজন নিরাপত্তাবাহিনী কাছে কৃতজ্ঞ।

এসময় গতকয়েকদিন আগে বাঘাইহাট বাজার আর উজোবাজার নিয়ে যে সমস্যা হয়েছিল জোন অধিনায়ক এ সমস্যা সমাধান করায় এলাকায় শান্তি ফিরে এসেছে বলেও জানায় তারা।

সাজেক ইউপি চেয়ারম্যান নেলশন চাকমা বলেন, আজ সাজেকের এত উন্নয়ন একমাত্র নিরাপত্তাবাহিনীর অবদান, নিরাপত্তাবাহিনী কারণে এ এলাকার ছেলে মেয়েদের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার সুযোগ বৃদ্ধি পেয়েছে এবং শিক্ষার পাশাপাশি নিরাপত্তাবাহিনী এলাকায় চিকিৎসা সেবা, শান্তি শৃঙ্খলা ও নিরাপত্তা বিধানে নিরাপত্তাবাহিনী ভূমিকা উল্লেখযোগ্য। নিরাপত্তাবাহিনী সাজেকের জনগণের জীবন যাত্রার মান যে বৈপ্লবিক পরিবর্তন করেছে তার জন্য এ এলাকার জনগণ নিরাপত্তাবাহিনীকে সারাজীবন মনে রাখবে।

পরে গংগারাম মুখ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের মাঝে স্কুল ব্যাগ, মাতৃভাষার বই, খাতা কলম ও গংগারাম এলাকার শতাধিক পরিবারের মাঝে কম্বল বিতরন করা হয় এবং গংগারাম মুখ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চাওয়ায় বিদ্যালয়ে ১০টি অফিস চেয়ার ও ১০ জোড়া বেঞ্চ দেওয়ার আশ্বাস দেন জোন অধিনায়ক।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাঘাইহাট জোনের উপ-অধিনায়ক মেজর মামুন, সাজেক ইউপি চেয়ারম্যান নেলশন চাকমা, বাঘাইহাট বাজার কমিটির সভাপতি ডা.নাজিম ও সম্পাদক মো. জুয়েল, অশোক কুমার চাকমা, লক্ষী চাকমাসহ স্থানীয় জনপ্রতিনিধি বৃন্দ।